

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.০০০০.০৪২.৪৩.২৯২.২২.৩৬৭

তারিখঃ ২৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে গত ২২.০২.২০২৩ তারিখ নৈতিকতা কমিটির সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিম্নরূপ:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১.	২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩ পর্যন্ত) প্রতিবেদন প্রেরণ	২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পাদনপূর্বক অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পাদনপূর্বক অগ্রগতি প্রতিবেদন (মাসিক/ত্রৈমাসিক) নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ/২০২৩ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করা হবে।
০২.	সভা/প্রশিক্ষণ আয়োজন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা ও দক্ষতা উন্নয়নে ইন হাউজ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অনুষ্ঠান, বার্তা, বিজ্ঞাপন এসেস্পী ও ফিড/কেবল অপারেটর প্রতিনিধিগণের সমন্বয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা ও প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়নে ইন হাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	গত ২২.০৩.২০২৩ তারিখে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২৯ ও ৩০ মার্চ ২০২৩ তারিখ ১৩-১৬ গ্রেডভুক্ত কর্মচারীদের ০২ (দুই) দিন অর্ধদিবসব্যাপী জাতীয় শুদ্ধাচার কৌশল ও অফিস ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ৩০.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠান, বার্তা, বিজ্ঞাপন এসেস্পী ও ফিড/কেবল অপারেটর প্রতিনিধিগণের সমন্বয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে।
০৩.	ক্রয় সংক্রান্ত	বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২২-২৩ অর্থ বছরের হালনাগাদ বার্ষিক ক্রয় পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিদ্ধান্ত: হালনাগাদ বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারি ও গাড়িচালকদের সাজ-পোশাক প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন এবং অন্যান্য ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ক্রয় সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে অর্থ হিসাব শাখা থেকে প্রেরণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০৪.	টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ	চট্টগ্রাম কেন্দ্রের অব্যবহৃত/অকেজো মালামালসমূহ নিলামে বিক্রির বিষয়ে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে অবচয় মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক অবচয় মূল্য নির্ধারণ করে সদর দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে মর্মে ইঞ্জিনিয়ারিং ম্যানেজার সভাকে অবহিত করেন। সিদ্ধান্ত: সদর দপ্তরের অনুমোদন প্রাপ্তির পর দ্রুত নিলামের কার্যক্রম গ্রহণ করতে হবে।	চট্টগ্রাম কেন্দ্রের অব্যবহৃত/অকেজো মালামালসমূহ নিলামে বিক্রির লক্ষ্যে অবচয় মূল্য নির্ধারণপূর্বক সদর দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

০২। সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।



নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)

✓ মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, রামপুরা
ঢাকা।